# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৭৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَن جبلة بن حارثةَ قَالَ: قَدِمْتُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ ابْعَثْ مَعِي أَخِي زَيْدًا. قَالَ: «هُوَ ذَا فَإِنِ انْطَلَقَ مَعَكَ لَمْ أَمْنَعْهُ» قَالَ زَيْدٌ: يَا رَسُولَ اللَّهِ وَاللَّهِ لَا أَخْتَارُ عَلَيْكَ أَحَدًا. قَالَ: فَرَأَيْتُ رَأْيَ أَخِي أَفْضَلَ مِنْ رَأْيِي. رَوَاهُ التِّرْمِذِيّ

سنده ضعيف ، رواه الترمذی (3815 وقال : حسن غريب) * اسماعيل بن ابی خالد مدلس و عنعن و للحديث شواهد

বাংলা

৬১৭৪-[৪০] জাবালাহ্ ইবনু হারিসাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর কাছে উপস্থিত হয়ে বললাম, হে আল্লাহর রাসূল! আমার ভাই যায়দ-কে আমার সাথে পাঠিয়ে দিন। উত্তরে রাসূলুল্লাহ (সা.) বললেন, এই তো যায়দ। যদি সে তোমার সাথে চলে যেতে চায়, আমি তাকে বাধা দেব না। এ কথা শুনে যায়দ (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল! আল্লাহর শপথ! আপনার ওপর আমি অন্য আর কাউকেও প্রাধান্য দেব না। (যায়দ-এর এ কথা শুনে) জাবালাহ্ (রাঃ) বলেন, পরবর্তীতে আমি বুঝতে পারলাম, আমার সিদ্ধান্তের তুলনায় আমার ভাই যায়দ-এর সিদ্ধান্তই ছিল শ্রেয়। (তিরমিযী)

ফুটনোট

হাসান: তিরমিযী ৩৮১৫, আল মুসতাদরাক লিল হাকিম ৪৯৪৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যায়দ ইবনু হারিসা মায়ের সাথে নানা বাড়ী যাওয়ার পথে মরুদস্যু কর্তৃক লুণ্ঠিত হয়ে উকায মেলায় বিক্রিত হয়। বিভিন্ন স্তর পাড়ি দিয়ে সে রসূলুল্লাহ (সাঃ)-এর হাতে আসে। মক্কায় আগত দূর-দূরান্তের হাজীদের মাধ্যমে খবর চেয়ে তার পিতা, ভাই প্রমুখ রাসূলুল্লাহ (সা.) -এর নিকট এসে তার মুক্তিপণ, উপঢৌকন ইত্যাদি পেশ করে তাকে ফেরত চান। রাসূলুল্লাহ (সা.) - তখন বিনা শর্তে যায়দ-কে চলে যাওয়ার স্বাধীনতা দিলেন। প্রকৃত কথা হলো, তিনি হারিয়ে গিয়ে রাসূলুল্লাহ (সা.) -এর হাতে কৃতদাস হিসেবে নিত হন। অত্র হাদীসে উক্ত ঘটনার সংক্ষিপ্ত বিবরণ বিধৃত হয়েছে।
কারী (রহিমাহুল্লাহ) বলেন, জাবালাহ্ (রাঃ) তার ভাই, রাসূল (সা.) -এর আযাদকৃত দাস, যায়দ ইবনু হারিসাহ-এর চেয়ে বয়সে বড় ছিলেন।
(فَرَأَيْتُ رَأْيَ أَخِي أَفْضَلَ مِنْ رَأْيِي)জাবালাহ্ ইবনু হারিসাহ্ বলেছেন, আমি দেখলাম যায়দ ইবনু হারিসাহ্ নবী (সা.) -এর সাথে থাকতে চেয়েছে, আর সে যা চেয়েছে সেটা দুনিয়া ও পরকালের উত্তম বিষয়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবালাহ্ ইবনু হারিসাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86150

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন